



গৃহস্থালি ও পারিবারিক সহিংসতা

অস্ট্রেলিয়াতে গৃহস্থালি ও পারিবারিক সহিংসতা গ্রহণযোগ্য নয়।

গৃহস্থালি ও পারিবারিক সহিংসতা আইন বিরুদ্ধ অপরাধ।

নারী-পুরুষ নির্বিশেষে এই অপরাধকারী ব্যক্তি কারাগারে যেতে পারেন।

আপনি বা আপনার পরিচিত কেউ বিপদাক্রান্ত হলে **000** নাম্বারে পুলিশকে ডাকুন।

অস্ট্রেলিয়ার পুলিশ নিরাপদ এবং বিশ্বাসযোগ্য।

বিনামূল্যে গোপনীয় পরামর্শ ও সহায়তার জন্য **1800 RESPECT**-এ **1800 737 732** নাম্বারে ফোন করুন।

যদি আপনার বিনামূল্যে একজন দোভাষী প্রয়োজন হয় তাহলে **131 450** নাম্বারে ফোন করুন।

অস্ট্রেলীয় সরকার কোন অবস্থাতেই গৃহস্থালি ও পারিবারিক সহিংসতা সহ্য করে না।

পুরুষ বা নারী সঙ্গীকে নিয়ন্ত্রণ করার লক্ষ্যে তাকে ভয় দেখানো বা নিরাপত্তার হুমকি দেয়া গৃহস্থালি ও পারিবারিক সহিংসতার মধ্যে পড়ে। গৃহস্থালি ও পারিবারিক সহিংসতার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে:

- আঘাত করা;
- স্বাসরুদ্ধ করা;
- পরিবার বা সঙ্গীকে প্রয়োজনীয় টাকা-পয়সা দিতে অস্বীকার করা;
- সঙ্গীকে বন্ধু-বান্ধব ও পরিবার থেকে আলাদা করে রাখা;
- সঙ্গীকে অপমান করা বা ক্রমাগত সমালোচনা করা; এবং
- শিশু বা পোষা প্রাণীদেরকে হুমকি দেয়া।

নারীর আছে পুরুষদের সমান অধিকার।

অস্ট্রেলীয় আইন নারী ও পুরুষকে সমান অধিকার প্রদান করে।

প্রত্যেকেরই আছে সহিংসতামুক্ত ভাবে, সুখী সম্পর্ক বজায় রেখে সমাজে বসবাস করার অধিকার।

নারীদের খারাপ আচরণের শিকার হওয়া বা ক্ষতিগ্রস্ত হওয়া মেনে নিতে হবে না।

সাহায্য করার জন্য অস্ট্রেলিয়াতে সাংস্কৃতিকভাবে সংবেদনশীল সেবা আছে।

1800 RESPECT হলো অস্ট্রেলিয়ার জাতীয় যৌন নির্যাতন, পারিবারিক এবং গৃহস্থালি সহিংসতা সংক্রান্ত পরামর্শ সেবা (Australia's National Sexual Assault, Family and Domestic Violence Counselling service)। বিনামূল্যের এই সেবা টেলিফোনে এবং অনলাইনে গোপনীয় পরামর্শ এবং তথ্য প্রদান করে থাকে। পরামর্শদাতারা আপনার কথা শুনবেন, আপনার প্রশ্নের জবাব দিবেন এবং আপনার স্থানীয় এলাকায় অন্যান্য সহায়তা পরিষেবাগুলো সম্পর্কে আপনাকে পরামর্শ দিতে পারেন।

1800 737 732 নাম্বারে কল করুন অথবা **1800 RESPECT**-এর ওয়েবসাইট www.1800RESPECT.org.au এ যান।

আপনার কি একজন দোভাষী প্রয়োজন?

অনুবাদ এবং দোভাষী সেবা (টিআইএস) (Translating and Interpreting Service) পেতে বিনামূল্যে **131 450** নাম্বারে ফোন করুন। টিআইএস আপনাকে অন্যান্য পরিষেবাগুলোর সাথে যোগাযোগ করতে সাহায্য করবে। টিআইএস কাউন্সেলিং প্রদান করে না।